



পাকিস্তানে আত্মঘাতী হামলা, নিহত ৮ সেনাসদস্য



সংগৃহীত ছবি

পাকিস্তানের উত্তর-পশ্চিমাঞ্চলীয় খাইবার পাখতুনখোয়া প্রদেশে ভয়াবহ আত্মঘাতী বোমা হামলায় অন্তত আট সেনাসদস্য নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও কয়েকজন। হামলার দায় স্বীকার করেছে নিষিদ্ধ জঙ্গিগোষ্ঠী তেহরিক-ই-তালেবান পাকিস্তান (টিটিপি)।

আন্তর্জাতিক সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, আফগানিস্তান সীমান্তসংলগ্ন বাজাউর জেলায় সেনাবাহিনীর একটি সমাবেশকে লক্ষ্য করে হামলাটি চালানো হয়। দীর্ঘদিন ধরে জঙ্গি তৎপরতার কারণে এলাকাটি নিরাপত্তা ঝুঁকিতে রয়েছে।

প্রত্যক্ষদর্শীদের বরাতে জানা যায়, সেনাসদস্যদের ভিড়ের মধ্যে ঢুকে আত্মঘাতী হামলাকারী বিস্ফোরণ ঘটায়। এতে ঘটনাস্থলেই অন্তত আটজন সেনা নিহত হন এবং চারপাশে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

হামলার পর টিটিপি এক বিবৃতিতে দায় স্বীকার করলেও, পাকিস্তান সরকার তাৎক্ষণিকভাবে কোনো প্রতিক্রিয়া জানায়নি। এছাড়া ঘটনার পর এলাকায় নিরাপত্তা অভিযান শুরু হয়েছে কিনা, সে বিষয়েও আনুষ্ঠানিক তথ্য পাওয়া যায়নি।